

## 💵 আতৃ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নাম্বারঃ ৬৩৪

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (کتاب النوافل) পরিচ্ছেদঃ ১১) কিয়ামুল্লায়ল (রাতে নফল নামায পড়া) করার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في قيام الليل

## আরবী

(حسن لغيره) وَعَنْ سمرة بن جندب رَضِيَ اللَّهُ عَنْهُ قال كَأَنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَنْهُ قال كأنَّ رَسُوْلَ اللهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ لَنَا: "لَيْسَ فِي الدُّنْيَا حَسَدٌ إِلا فِي اثْنَيْنِ: الرَّجُلِ يغبط الرَّجُلَ أَنْ يُعْطِيَهُ اللَّهُ الْمَالَ الْكَثِيرَ، فَيُنْفِقَ مِنْهُ فَيُكْثِرَ النَّفَقَة، يَقُولُ الآخَرُ: لَوْ كَانَ لِي ماَلٌ لأَنْفَقْتُ مِثْلَ مَا يُنْفِقُ هَذَا وَأَحْسَنَ، فَهُو يَحْسُدُهُ، وَرَجُلٍ يَقْرَأُ الْقُرْآنَ، فَيَقُومُ اللَّيْلَ، وَعِنْدَهُ رَجُلُ إِلَى جَنْبِهِ لا يَعْلَمُ الْقُرْآنَ, فَيُقُومُ اللَّيْلَ، وَعِنْدَهُ رَجُلُ إِلَى جَنْبِهِ لا يَعْلَمُ الْقُرْآنَ, فَهُو يَحْسُدُهُ عَلَى قِيَامِهِ، وَعَلَى مَا عَلَّمَهُ اللَّهُ عَزَّ وَجَلَّ مِنَ الْقُرْآنَ، فَيَقُولُ: لَوْ عَلَّمَنِيَ اللَّهُ مِثْلَ هَذَا لَقُمْتُ مِثْلَ مَا يَقُومُ. رواه الطبراني في الكبير

## বাংলা

৬৩৪. (হাসান লি গাইরিহী) সামুরা বিন জুনদুব (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) আমাদেরকে বলতেনঃ

"দু'টি বিষয় ছাড়া দুনিয়াতে কোন হিংসা[1] নেই। একজন লোক আরেক লোককে হিংসা করে এজন্যে যে, আল্লাহ্ তাকে অনেক সম্পদ দিয়েছেন। সেখান থেকে সে ব্যয় করে। খুব বেশী ব্যয় করে। তখন সেই লোকটি বলেঃ আমার কাছে যদি সম্পদ থাকতো, তবে এ লোক যেমন সংভাবে ব্যয় করে আমিও তেমন ব্যয় করতাম। সে তাকে হিংসা করে। আরেক ব্যক্তি কুরআন পাঠ করে এবং কিয়ামুল্লায়ল করে। তার পাশে আরেক জন লোক আছে সে কুরআন জানে না। ঐ ব্যক্তির কিয়ামুল্লায়ল দেখে সে তাকে হিংসা করে। অথবা মহামহিম আল্লাহ যে তাকে কুরআন শিখিয়েছেন তাতে হিংসা করে। বলেঃ আল্লাহ যদি এ লোকের মত আমাকে কুরআন শিখাতেন, তবে সে যেমন কিয়ামুল্লায়ল করে আমিও তেমন করতাম।"

(ত্বাবরানী [কাবীর গ্রন্থে] হাদীছটি বর্ণনা করেছেন)

## ফুটনোট



[1] . এখানে হিংসা বলতে উদ্দেশ্য হচ্ছেঃ অন্যের যা আছে তা নিজের জন্য কামনা করা। এটা বৈধ। কিন্তু অন্যের যে নিয়ামত আছে তা দূর হয়ে নিজের হয়ে যাওয়ার কামনা করা অবৈধ হিংসা।

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ সামুরাহ ইবনু জুনদুব (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন